# এসএসসি ২০২৬ ফাইনাল সাজেশন হিসাববিজ্ঞান

বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

## # বহুনির্বাচনী প্রশ্ন

১. বিক্রয় শর্ত ৫/১০, নিট ৩০ এর তার্থ কী?
- ● ক ৫ দিনে মূল্য পরিশোধে ১% বাট্টা প্রদান
- (খ) ১০ দিনে মূল্য পরিশোধে ৫% বাট্টা' প্রদান
- (গ) ৩০ দিনে মূল্য পরিশোধে ৫% বাট্টা প্রদান
- (ঘ) ৩০ দিনে মূল্য পরিশোধে ১০% বাট্টা প্রদান

২. নিচের কোন হিসাবটির ক্রেডিট ব্যালেন্স হবে?
- (ক) মূলধনের সুদ
- ● খ উত্তোলনের সুদ
- (গ) ঋণের সুদ
- (ঘ) শিক্ষানবিশ ভাতা

৩. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত দ্বারা প্রকাশ পায় কোনটি?
- (ক) দায়
- (খ) আয়
- ● গ সম্পদ
- (ঘ) মালিকানা স্বত্ব

৪. বি/ডি দ্বারা কি বোঝায়?
- (ক) পিছন থেকে আনীত
- ● খ উপর থেকে আনীত
- (গ) সম্মুখ থেকে আনীত
- (ঘ) নিচ থেকে আনীত

৫. কোনটি খতিয়ান হিসাব থেকে তৈরি করা যায়?
- (ক) জাবেদা
- (খ) নগদান
- ● গ রেওয়ামিল
- (ঘ) আর্থিক বিবরণী

৬. নগদান বইয়ের ব্যাংক কলামের ক্রেডিট জের কি নির্দেশ করে?
- (ক) হাতে নগদ
- (খ) ব্যাংকে জমা
- ● গ ব্যাংক জমাতিরিক্ত
- (ঘ) নগদ উত্তোলন

৭. নগদ প্রাপ্তি জাবেদায় দেনাদার কে কীভাবে লেখা হয়?
- (ক) ডেবিট করা হয়
- ● খ ক্রেডিট করা হয়
- (গ) বৃদ্ধি করা হয়
- (ঘ) হ্রাস করা হয়

৮. কোনটি তিনদ্রা নগদান বইয়ের ক্রেডিট দিকে বসে?
- (ক) ক্রয় বাট্টা
- (খ) বিক্রয় বাট্টা
- (গ) প্রদত্ত বাট্টা
- ● ঘ প্রাপ্ত বাট্টা

৯. অগ্রীম শিক্ষানবিশ সেলামি রেওয়ামিলের কোন দিকে বসে?
- (ক) ডেবিট
- ● খ ক্রেডিট
- (গ) রেওয়ামিল বহির্ভূত
- (ঘ) ডেবিট অথবা ক্রেডিট দিকে

১০. রেওয়ামিলে কোনটি লিপিবদ্ধকরণে সতর্কতা অবলম্বন আবশ্যক?
- (ক) বকেয়া হিসাব
- ● খ মজুদ পণ্য
- (গ) অগ্রীম আয়
- (ঘ) দেনাদার

১১. প্রদত্ত ঋণের অনাদায়ি সুদ রেওয়ামিলের কোনদিকে বসে?
- ● ক ডেবিট
- (খ) ক্রেডিট
- (গ) ডেবিট বা ক্রেডিট
- (ঘ) উভয় দিকে

১২. স্বল্পমেয়াদি দায় হলো-

i. পাওনাদার
ii. অগ্রিম বেতন
iii. বকেয়া মজুরি

নিচের কোনটি সঠিক?
- (ক) i ও ii
- ● খ i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

১৩. রেওয়ামিলে বিবিধ দেনাদার ২০,০০০ টাকা, নতুন কুঋণ ৪,০০০ টাকা ৫% হারে কুঋণ সঞ্চিতি এবং ২$\frac{১}{২}$ %হারে বাট্টা সঞ্চিতি ধরতে হবে। বাট্টা সঞ্চিতির পরিমাণ কত?
- ● ক ৩৮০ টাকা
- (খ) ২৮০ টাকা
- (গ) ৩৮৫ টাকা
- (ঘ) ৩৮৭ টাকা

১৪. কুঋণ সঞ্চিতি হলো-

i. একটি নিশ্চিত ক্ষতি
ii. একটি সম্ভাব্য ক্ষতি
iii. আদায় হতেও পারে নাও হতে পারে

নিচের কোনটি সঠিক?
- (ক) i ও ii
- (খ) i ও iii
- ● গ ii ও iii
- (ঘ) i, ii ও iii


স্যাট একাডেমি

১৫. কোনটি পরোক্ষ খরচ?

(ক) আন্তঃপরিবহন **(খ)** বহিঃপরিবহন
(গ) আমদানি শুল্ক (ঘ) জাহাজ ভাড়া

১৬. ১০,০০০ টাকার পুরাতন আসবাবপত্র বিক্রয়- এটি আর্থিক বিবরণীতে কিভাবে দেখানো হয়?

(ক) চলতি সম্পদ (খ) চলতি দায়
**(গ)** স্থায়ী সম্পদ (ঘ) স্থায়ী দায়

১৭. অনাদায়ি পাওনা ধার্য হলে প্রভাবিত হবে-
i.অনাদায়ি পাওনা সঞ্চিতি
ii. অনাদায়ি পাওনা
iii. দেনাদার হিসাব
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii **(খ)** i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. কোনটি লেনদেনের উৎস?

(ক) ব্যবসায় প্রতিষ্ঠান (খ) অ-ব্যবসায়ী প্রতিষ্ঠান
(গ) আর্থিক পরিকল্পনা **(ঘ)** আর্থিক ঘটনা

১৯. ক্রেডিট ভাউচারের সাথে কোনটি সংযুক্ত করা হয়?

(ক) ক্রেডিট নোট (খ) ডেবিট নোট
**(গ)** ক্যাশমেমো

২০. নিচের কোনটি মালিকানা স্বত্বের অন্তর্ভুক্ত?

(ক) ঋণ হিসাব (খ) দেনাদার হিসাব
**(গ)** মূলধন হিসাব (ঘ) নগদান হিসাব

২১. কোনটি দুতরফা দাখিলা হিসাব পদ্ধতির বৈশিষ্ট্য?

**(ক)** ডেবিট-ক্রেডিট নির্ণয় (খ) পরিপূর্ণ হিসাব সংরক্ষণ
(গ) আর্থিক অবস্থা নিরূপণ (ঘ) লাভ-লোকসান নিরূপণ

২২. কোনটি দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধা-

(ক) দ্বৈত সত্তা (খ) দাতা ও গ্রহীতা
**(গ)** ব্যয় নিয়ন্ত্রণ (ঘ) সামগ্রিক ফলাফল

২৩. অগ্রীম প্রদত্ত ভাড়া”- ভাড়া হিসাবে সমন্বয় করার ফলে-
i. সম্পদ হ্রাস পাবে
ii. ব্যয় বৃদ্ধি পাবে
iii. দায় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?

**(ক)** i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. কোন হিসাবগুলো ক্রেডিট ব্যালেন্স নির্দেশ করে?

(ক) আয় ও ব্যয় **(খ)** আয় ও দায়
(গ) সম্পদ ও দায় (ঘ) সম্পদ ও আয়

২৫. ব্যবসায় প্রতিষ্ঠান গঠনের প্রাথমিক ব্যয় কোন ধরনের ব্যয়?

(ক) মূলধন জাতীয় ব্যয়
(খ) মূলধনায়িত ব্যয়
(গ) মুনাফা জাতীয় ব্যয়
**(ঘ)** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

২৬. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় কোনটি?

(ক) বেতন প্রদান (খ) ভাড়া প্রদান
(গ) আসবাবপত্র ক্রয় **(ঘ)** পণ্য তৈরির গবেষণা ব্যয়

২৭. কোন দাখিলার মাধ্যমে আয়-ব্যয় হিসাব বন্ধ করা হয়?

(ক) প্রারম্ভিক **(খ)** সমাপনী
(গ) সমন্বয় (ঘ) স্থানান্তর

২৮. ৫% বাট্টায় ৫০,০০০/- টাকার পণ্য বিক্রয়। এক্ষেত্রে এটি কোন ধরণের বাট্টা?

(ক) নগদ বাট্টা (খ) প্রদত্ত বাট্টা
**(গ)** কারবারি বাট্টা (ঘ) প্রাপ্ত বাট্টা

২৯. মুনাফা জাতীয় প্রদানের ক্ষেত্রে বর্তমান বছরের অংশকে কী বলে?

(ক) সম্পদ **(খ)** ব্যয়
(গ) দায় (ঘ) মালিকানা স্বত্ব

৩০. অবচয় কোন ধরনের আর্থিক অবস্থাকে প্রভাবিত করে?

(ক) বাহ্যিক **(খ)** অভ্যন্তরীণ
(গ) ব্যবসায়িক (ঘ) সেবাকর্ম

৩১. জনাব সোহাগ ২০২৩ সালের ১ জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকার ঋণ এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভকরেন। জনাব সোহাগের মালিকানা স্বত্বের পরিমাণ কত?

(ক) ১,০০,০০০ টাকা **(খ)** ১,৫০,০০০ টাকা
(গ) ২,৫০,০০০ টাকা (ঘ) ৩,০০,০০০ টাকা

৩২. ব্যবসায়ের মোট সম্পদের ওপর তৃতীয় পক্ষের দাবিকে কী বলে?

(ক) আয় (খ) ব্যয়
**(গ)** দায় (ঘ) মালিকানা স্বত্ব

৩৩. মালিকানা স্বত্বকে প্রভাবিত করার নিচের উপাদান কোনটি?

(ক) নগদান হিসাব **(খ)** উত্তোলন হিসাব
(গ) ব্যাংক হিসাব (ঘ) পাওনাদার হিসাব

স্যাট একাডেমি

৩৪. একটি কারবারের মোট স্বত্বাধিকারের পরিমাণ ১,২০,০০০ টাকা, দায় মোট স্বত্বাধিকারের অর্ধেক হলে উক্ত কারবারের মোট সম্পত্তির পরিমাণ কত?

(ক) ১,২০,০০০ টাকা **(খ)** ১,৮০,০০০ টাকা
(গ) ১,৯০,০০০ টাকা (ঘ) ২,০০,০০০ টাকা

৩৫. খতিয়ান প্রস্তুতের ক্ষেত্রে প্রথম ধাপ কোনটি?

(ক) ব্যালেন্সিং- (খ) জাবেদা
(গ) রেওয়ামিল **(ঘ)** পোস্টিং

৩৬. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে দায়ের বিপরীতে সঞ্চিতি ধরা অনুচিত?

(ক) ব্যবসায়িক সত্তা নীতি (খ) ক্রয়মূল্য নীতি
(গ) চলমান প্রতিষ্ঠান ধারণা **(ঘ)** রক্ষণশীলতার নীতি

৩৭. ১০% হারে কোনো সম্পত্তির ৬ মাসের অবচয় ২,০০০ টাকা হলে সম্পত্তির মূল্য কত?

**(ক)** ৪০,০০০ টাকা (খ) ৩২,০০০ টাকা
(গ) ২০,০০০ টাকা (ঘ) ১২,০০০ টাকা

৩৮. বিক্রয় ৪৫,০০০ টাকা, বিক্রয় ফেরত ৫,০০০ টাকা। পণ্য ক্রয় ২৫,০০০ টাকা। মোট মুনাফা কত?

(ক) ৪৫,০০০ টাকা (খ) ২৫,০০০ টাকা
(গ) ২০,০০০ টাকা **(ঘ)** ১৫,০০০ টাকা

৩৯. চলতি দায়ের উদাহরণ কোনটি

(ক) ঋণপত্র (খ) ঋণ
(গ) মূলধন **(ঘ)** প্রদেয় হিসাব

৪০. কোন নীতি অনুযায়ী স্থায়ী সম্পদের অবচয় হিসাবভুক্ত করা হয়?

(ক) বস্তুনিষ্ঠতার ধারণা (খ) বকেয়া ধারণা
(গ) হিসাবকাল ধারণা **(ঘ)** চলমান প্রতিষ্ঠান ধারণা

৪১. ব্যবসায়ে পণ্য আনয়নের জাহাজ ভাড়া কোন ধরনের লেনদেন?

**(ক)** মুনাফা জাতীয় (খ) মূলধন জাতীয়
(গ) বিলম্বিত মুনাফা জাতীয় (ঘ) ব্যবসায় পরিচালন

৪২. আসবাবপত্রের, ব্যবহারজনিত মূল্য হ্রাসকে প্রাথমিকভাবে কোনটিতে লিপিবদ্ধ করা হয়?

(ক) ক্রয় জাবেদায় (খ) নগদ প্রদান জাবেদায়
(গ) সাধারণ খতিয়ানে **(ঘ)** প্রকৃত জাবেদায়

৪৩. সমাপনী জাবেদার মাধ্যমে বন্ধ হয়ে যায়-

i. আয় হিসাব
ii. ব্যয় হিসাব
iii. উত্তোলন হিসাব

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i, ii ও iii

৪৪. 'প্রাইজবন্ড ভাঙানো হলো' কোন হিসাবটি ক্রেডিট হবে?

(ক) সম্পদ (খ) নগদান
(গ) প্রাইজবন্ড **(ঘ)** বিনিয়োগ

৪৫. সাধারণ খতিয়ানে কোন হিসাবদ্বয়কে মূল হিসাব নামে অভিহিত করা হয়?

(ক) নগদান ও মূলধন (খ) দেনাদার ও বিক্রয়
(গ) পাওনাদার ও ক্রয় **(ঘ)** দেনাদার ও পাওনাদার

৪৬. চলমান জের ছকে হিসাবের জের কখন জানা যায়?

**(ক)** যেকোনো সময়ে (খ) মাস শেষে
(গ) বছর শেষে (ঘ) নির্দিষ্ট সময় শেষে

৪৭. একতরফা দাখিলা পদ্ধতিতে কোন শ্রেণির | হিসাবগুলো সংরক্ষণ করা হয় না?

**(ক)** ব্যক্তিবাচক (খ) আয়-ব্যয়
(গ) দায় (ঘ) সম্পত্তি

৪৮. হিসাবচক্রে আর্থিক বিবরণী প্রস্তুত ধাপের পূর্ববর্তী ধাপ কোনটি?

(ক) সমন্বয় দাখিলা (খ) সমাপনী দাখিলা
**(গ)** কার্যপত্র (ঘ) রেওয়ামিল

৪৯. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি কোনটি?

(ক) ব্যয় নিয়ন্ত্রণ (খ) সঠিক কর নির্ধারণ
**(গ)** দ্বৈত সত্তা (ঘ) লাভ-লোকসান নিরূপণ

৫০. আর্থিক অবস্থার বিবরণীতে লিপিবদ্ধ হবে-

i. মুনাফা জাতীয় ব্যয়
ii. মূলধন জাতীয় ব্যয়
iii. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
**(গ)** ii ও iii (ঘ) i, ii ও iii

৫১. বিজ্ঞাপন বাবদ এককালীন অত্যধিক ব্যয়-

(ক) মুনাফা জাতীয় (খ) মূলধন জাতীয়
**(গ)** বিলম্বিত মুনাফা জাতীয় (ঘ) মূলধনায়িত

স্যাট একাডেমি

৫২. কোনটি অন্য তিনটি হতে ভিন্ন?

(ক) শিক্ষানবিশ ভাতা
**(খ) শিক্ষানবিশ সেলামি**
(গ) বিমা সেলামি
(ঘ) খাজনা ও কর

৫৩. কোনটি লেনদেনের বৈশিষ্ট্য?

i. দ্বৈত সত্তা
ii. দৃশ্যমানতা
iii. ঐতিহাসিক ঘটনা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
**(ঘ) i, ii ও iii**

৫৪. প্রাইজবন্ড ক্রয় করলে কী হিসাবে লেখা হয়?

(ক) প্রাইজবন্ড
(খ) ক্রয়
(গ) সম্পদ
**(ঘ) বিনিয়োগ**

৫৫. খতিয়ানকে বলা হয়-

i. প্রাথমিক বই
ii. চূড়ান্ত বই
iii. স্থায়ী বই

নিচের কোনটি ঠিক

(ক) i ও ii
(খ) i ও iii
**(গ) ii ও iii**
(ঘ) i, ii ও iii

৫৬. কোনটি মানুষকে সততা অবলম্বনে উদ্বুদ্ধ করে?

**(ক) হিসাব সচেতনতা**
(খ) ধর্মীয় অনুশাসন
(গ) সামাজিক জ্ঞান
(ঘ) জবাবদিহিতা

৫৭. নিজের কাজের জন্য তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধতাই হলো-

(ক) দায়িত্ববোধ
(খ) সততা
(গ) সচেতনতা
**(ঘ) জবাবদিহিতা**

৫৮. জবাবদিহি প্রক্রিয়ায় হিসাববিজ্ঞানের ভূমিকা কয়টি?

(ক) দুইটি
**(খ) তিনটি**
(গ) চারটি
(ঘ) পাঁচটি

৫৯. ৫% কারবারি বা ক্রয়ের পরিমাণ ১৯,০০০ টাকা। বাট্টার পরিমাণ কত টাকা?

**(ক) ১,০০০**
(খ) ৯৫০
(গ) ৯০০
(ঘ) ৮৫০

৬০. ব্যাংক থেকে ঋণ নিলে প্রতিষ্ঠানের কী বৃদ্ধি পায়?

(ক) আয়
(খ) ব্যয়
**(গ) দায়**
(ঘ) মালিকানা স্বত্ব

৬১. পাওনাদার হিসাবে কোন জের হয়?

(ক) ডেবিট জের
**(খ) কোনোটিই নয়ক্রেডিট জের**
(গ) উভয় জের

৬২. ৫০% বাট্টায় নগদে ২৪,০০০ টাকা, ধারে ৩৬,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলো। সহকারী খতিয়ানের জের হবে কত টাকা?

(ক) ৬০,০০০
(খ) ৩৬,০০০
(গ) ২৪,০০০
**(ঘ) ১৮,০০০**

৬৩. লেনদেনসমূহের স্থায়ী ভান্ডার কী?

(ক) জাবেদা বই
**(খ) খতিয়ান বই**
(গ) রেওয়ামিল
(ঘ) নগদান বই

৬৪. ব্যাংক সুদ মঞ্জুর করল, নগদান বহির ডেবিট পাশে ব্যাংক কলামে কোন হিসাবটি লিখতে হবে?

(ক) সুদ হিসাব
**(খ) ব্যাংক সুদ হিসাব**
(গ) ব্যাংক সুদ মঞ্জুর হিসাব
(ঘ) সুদ মঞ্জুর হিসাব

৬৫. ব্যাংক বিবরণী এবং নগদান বইয়ের ব্যাংক কলামের উদ্বৃত্ত অসমান হলে কোনটি প্রস্তুত করা হয়?

(ক) ব্যাংক বিবরণী
(খ) দুইঘরা নগদান বই
**(গ) ব্যাংক সমন্বয় বিবরণী**
(ঘ) আর্থিক বিবরণী

৬৬. ক্রেতা বা বিক্রেতা হিসাব রাখে না-

i. কারবারি বাট্টা
ii. নগদ বাট্টা
iii. ব্যবসায়িক বাট্টা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
**(খ) i ও iii**
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

৬৭. চলতি অনুপাতের আদর্শ মান কত?

(ক) ১:১
**(খ) ২:১**
(গ) ৩:১
(ঘ) ৩:২

৬৮. ব্যাংক কাদের ওপর ব্যাংক চার্জ ও ব্যাংক সুদ ধার্য করে?

(ক) মালিক
**(খ) মক্কেল**
(গ) কর্মচারী
(ঘ) ব্যবস্থাপক

৬৯. কোনটির ওপর ভিত্তি করে ক্রয় জাবেদা লেখা হয়?

**(ক) চালান**
(খ) ক্যাশমেমো
(গ) ডেবিট নোট
(ঘ) ক্রেডিট নোট

সাট একাডেমি

৭০. উত্তোলনের ফলে কোনটি পরিবর্তন হয়?

ক ব্যয় বৃদ্ধি পায়
খ ব্যয় হ্রাস পায়
● গ মালিকানা স্বত্ব হ্রাস পায়
ঘ মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়

৭১. পূর্ববর্তী ও পরবর্তী বছরের মধ্যে হিসাবের ধারাবাহিকতা রক্ষা করা হয় কীসের মাধ্যমে?

ক জাবেদা
খ খতিয়ান
● গ হিসাবচক্র
ঘ উদ্বৃত্তপত্র

৭২. যদি প্রারম্ভিক মূলধন ৭০,০০০ টাকা, সমাপনী মূলধন ৯০,০০০ টাকা, অতিরিক্ত মূলধন ৫,০০০ টাকা এবং উত্তোলনের পরিমাণ ১০,০০০ টাকা হলে মুনাফা কত হবে?

ক ৫,০০০
খ ১০,০০০
গ ১৫,০০০
● ঘ ২৫,০০০

৭৩. হিসাব তথ্য ব্যবহার করে থাকে-

i. ভোক্তা
ii. হিসাবরক্ষক
iii. বিনিয়োগকারী

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
● ঘ i, ii ও iii

৭৪. আর্থিক বিবরণীর খসড়াস্বরূপ ব্যবহার করা হয়-

ক রেওয়ামিল
খ সমন্বয় দাখিলা
গ সমাপনী দাখিলা
● ঘ কার্যপত্র

৭৫. 'সঞ্চিতি তহবিল' কোন ধরনের হিসাব?

ক সম্পদ
খ ব্যয়
● গ মালিকানা স্বত্ব
ঘ আয়

৭৬. কোনটি অন্য তিনটি থেকে ভিন্ন?

● ক বিজ্ঞাপন
খ শিক্ষানবিশ সেলামি -
গ উপভাড়া
ঘ প্রাপ্ত কমিশন

৭৭. কোনটি সাধারণত ক্রেডিট ব্যালেন্স নির্দেশ করে?

● ক বকেয়া বাড়ি ভাড়া
খ অগ্রিম বেতন
গ বিজ্ঞাপন
ঘ শিক্ষানবিশ ভাতা

৭৮. C/F দ্বারা কী নির্দেশ করে?

● ক সম্মুখে নীত
খ নিচে নীত
গ উপর থেকে আনীত
ঘ পেছন থেকে আনীত

৭৯. খতিয়ানকে বলা হয়-

i. পাকা বই
ii. স্থায়ী বই
iii. সকল বহির রাজা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
● ঘ i, ii ও iii

৮০. নিচের কোনটি অন্যগুলো থেকে আলাদা

ক বিমা সেলামি
খ ঋণের সুদ
গ বেতন
● ঘ উপভাড়া

৮১. কোনটি রেওয়ামিলে ক্রেডিটের ঘরে বসে?

● ক সাধারণ সঞ্চিতি
খ কর্মচারীর বেতন
গ মজুরি
ঘ আসবাবপত্র

৮২. করণিক ভুল কত প্রকার

● ক ৪ প্রকার
খ ৩ প্রকার
গ ৫ প্রকার
ঘ ২ প্রকার

৮৩. মূলধন জাতীয় আয়কে মুনাফা জাতীয় আয় হিসেবে লিপিবদ্ধ করলে কোন ভুল হয়?

ক পরিপূরক
খ বেদখিলার ভুল
গ লেখার ভুল
● ঘ নীতিগত ভুল

৮৪. ডক চার্জ কোনটির অন্তর্ভুক্ত হবে?

ক পরিবহন ব্যয়
খ অন্যান্য ব্যয়
গ পরিচালন ব্যয়
● ঘ বিক্রীত পণ্যের ব্যয়

৮৫. বিশদ আয় বিবরণীর দ্বিতীয় ধাপের ফলাফল কোনটি?

ক নিট বিক্রয়
খ নিট ক্রয়
গ মোট মুনাফা
● ঘ পরিচালন মুনাফা

৮৬. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে কোনটি যোগ করা হয়?

● ক প্রারম্ভিক মজুদ পণ্য
খ ক্রয় ফেরত
গ সমাপনী মজুদ পণ্য
ঘ নিট ফেরত

৮৭. চলতি অনুপাতের আদর্শ মান নিচের কোনটি?

ক ১:১
খ ১:২
● গ ২:১
ঘ ৩:১

৮৮. ডেবিট নোট কে তৈরি করে?

● ক ক্রেতা
খ বিক্রেতা
গ সরবরাহকারী
ঘ উৎপাদক

৮৯. বহিঃফেরত দ্বারা নিচের কোনটি তৈরি করা হয়?

ক ক্রেডিট নোট
● খ ডেবিট নোট
গ ডেবিট ভাউচার
ঘ ক্রেডিট ভাউচার

স্যাট একাডেমি

৯০. ক্রেডিট নোট কে তৈরি করে?

ক ক্রেতা
● খ বিক্রেতা
গ রপ্তানিকারক
ঘ ব্যবস্থাপক

৯১. ক্রেডিট নোট কে প্রেরণ করে?

ক কেতা
খ উৎপাদক
● গ বিক্রেতা
ঘ হিসাবরক্ষক

৯২. পাওনালিপি প্রস্তুত করে কার নিকট প্রেরণ করা হয়?

● ক ক্রেতার নিকট
খ বিক্রেতার নিকট
গ পাওনাদারের নিকট
ঘ সরকারের নিকট

৯৩. লেনদেনের উৎস কী?

ক ক্রয়
খ বিক্রয়
গ অর্থ
● ঘ দৈনন্দিন ঘটনা

৯৪. দুতরফা দাখিলা পদ্ধতি হলো-

ক সহজ পদ্ধতি
খ বৃহৎ পদ্ধতি
গ অসম্পূর্ণ পদ্ধতি
● ঘ বিজ্ঞানসম্মত পদ্ধতি

৯৫. হিসাবচক্রের শেষ ধাপ কোনটি?

ক সমাপনী দাখিলা
খ কার্যপত্র প্রস্তুত
● গ হিসাব পরবর্তী রেওয়ামিল
ঘ আর্থিক বিবরণী

৯৬. দায় কখন ডেবিট হয়?

● ক হ্রাস পেলে
খ বৃদ্ধি পেলে
গ উভয়ই
ঘ কোনোটিই নয়

৯৭. হিসাব সংরক্ষণের ধারাবাহিক আবর্তনকে কী বলে?

ক হিসাব মূল্যায়ন
খ হিসাব ব্যবস্থা
গ হিসাব বিশ্লেষণ
● ঘ হিসারচক্র

৯৮. পণ্য আমদানি শুল্ক-

ক মূলধন জাতীয় ব্যয়
খ মুনাফা জাতীয় প্রাপ্তি
গ মূলধন জাতীয় আয়
● ঘ মুনাফা জাতীয় ব্যয়

৯৯. কর্মচারীদের বেতন প্রদান কীরূপ ব্যয়?

ক নিট ব্যয়
খ মোট ব্যয়
● গ মুনাফা জাতীয় ব্যয়
ঘ মূলধন জাতীয় ব্যয়

১০০. আর্থিক অবস্থার বিবরণী পূর্বে কী নামে পরিচিত ছিল?

ক আর্থিক বিবরণী
● খ উদ্বর্তপত্র
গ আর্থিক অবস্থার বিবরণী
ঘ বিশদ আয় বিবরণী

১০১. মোটরগাড়ি ক্রয়ের পরিবহন কোন জাতীয় ব্যয়?

● ক মূলধন
খ মুনাফা
গ বিলম্বিত মুনাফা
ঘ নিয়মিত

১০২. সমন্বয় জাবেদা কোন জাবেদার অংশ?

ক নগদ প্রাপ্তি জাবেদা
● খ প্রকৃত জাবেদা
গ ক্রয় জাবেদা
ঘ বিক্রয় জাবেদা

১০৩. কোনটি ব্যবসায়িক বাট্টা?

ক ক্রয় বাট্টা
খ নগদ বাট্টা
● গ প্রদত্ত বাট্টা
ঘ প্রাপ্ত বাট্টা

১০৪. কোন দাখিলার মাধ্যমে আয় ব্যয় হিসাব বন্ধ করা হয়?

ক প্রারম্ভিক
খ স্থানান্তর'
গ সমন্বয়
● ঘ সমাপনী

১০৫. কারবারি বাট্টা কত প্রকার?

● ক ২ প্রকার
খ ৪ প্রকার
গ ৫ প্রকার
ঘ ৬ প্রকার

১০৬. শূন্য উদ্বৃত্তের হিসাবগুলোকে কী বলে?

ক জেরটানা
খ পোস্টিং
গ সমান হিসাব
● ঘ সমতাপ্রাপ্ত

১০৭. রোহানের বেতন অপরিশোধিত রয়েছে এর, সঠিক' জাবেদা কোনটি?

ক রোহান হিসাব ডে, বেতন হিসাব ক্রে,
খ বেতন হিসাব ডে. রোহান হিসাব.কে.
● গ বেতন হিসাব ডে. বকেয়া বেতন হিসাব ক্রে
ঘ বকেয়া বেতন হিসাব্ ডে, বেতন হিসাব ক্রে.

১০৮. কোনটির ফলে সম্পদ সম্প্রসারিত ও আয়ুষ্কাল বৃদ্ধি পায়?

ক মূলধনজাতীয় আয়
● খ মূলধনজাতীয় ব্যয়
গ মুনাফাজাতীয় আয়
ঘ মুনাফাজাতীয় ব্যয়

১০৯. দুতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য কোনটি?

ক গাণিতিক শুদ্ধতা যাচাই
খ আর্থিক অবস্থা নিরূপণ
● গ ডেবিট ক্রেডিট নির্ণয়
ঘ পরিপূর্ণ হিসাব সংরক্ষণ

১১০. মি. রহমানের নিকট হতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। এ লেনদেনটি লিপিবদ্ধ করা হবে-

ক নগদান বইয়ে
● খ ক্রয় জাবেদায়
গ প্রকৃত জাবেদায়
ঘ প্রদেয় বিল বইয়ে

১১১. ব্যবসায়ের মুনাফা অর্জনের কাজে ব্যবহৃত হয় কোনটি?

ক বাড়ি ভাড়া আয়
খ প্রাপ্ত লভ্যাংশ
● গ সুনাম
ঘ প্রাপ্ত কমিশন

১১২. মোট সম্পদের উপর তৃতীয় পক্ষের দাবিই হচ্ছে-

ক আয়
● খ দায়
গ মূলধন
ঘ মালিকানা স্বত্ব

সাট একাডেমী

১১৩. হিসাব সমীকরণের সঠিক প্রকাশ হলো-

i. সম্পদ = দায় মালিকানা স্বত্ব
ii. সম্পদ মালিকানা স্বত্ব = দায়
iii. সম্পদ + মালিকানা স্বত্ব = দায়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

১১৪. "ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা"-এর দ্বারা ব্যবসায়ের কী পরিবর্তিত হয়েছে?

- (ক) দায় ও ব্যয়
- (খ) সম্পদ ও দায়
- (গ) আয় ও দায়
- (ঘ) সম্পদ ও আয়

১১৫. মূলধন ১,০০,০০০ টাকা, মেশিন বিক্রয় ৫০,০০০ টাকা, পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা, আয়কর প্রদান ১০,০০০ টাকা। উক্ত তথ্য হতে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো।

- (ক) ২,৪০,০০০ টাকা
- (খ) ২,২০,০০০ টাকা
- (গ) ১,৮০,০০০ টাকা
- (ঘ) ১,৭০,০০০ টাকা

১১৬. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত?

- (ক) ২,০০,০০০ টাকা
- (খ) ২,০১,০০০ টাকা
- (গ) ২,০২,০০০ টাকা
- (ঘ) ২,০৩,০০০ টাকা

১১৭. মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত?

- (ক) ১৭,০০০ টাকা
- (খ) ১৮,০০০ টাকা
- (গ) ১৯,০০০ টাকা
- (ঘ) ২০,০০০ টাকা

১১৮. কোন ব্যয়কে অস্থায়ীভাবে লিপিবদ্ধ করা হয়? মূলধন জাতীয় ব্যয় এর ন্যায় লিপিবদ্ধ করা হয়?

- (ক) মুনাফা জাতীয় ব্যয়
- (খ) মূলধন জাতীয় ব্যয়
- (গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
- (ঘ) অন্যান্য ব্যয়

১১৯. লেনদেনকে ডেবিট-ক্রেডিট বিশ্লেষণ করে তারিখের ক্রমানুসারে নিচের কোনটিতে লিপিবদ্ধ করা হয়?

- (ক) জাবেদায়
- (খ) খতিয়ান
- (গ) রেওয়ামিলে
- (ঘ) আর্থিক বিবরণীতে

১২০. কোন লেনদেনটির ফলে হিসাব সমীকরণের শুধুমাত্র A উপাদানের পরিবর্তন হবে?

- (ক) নগদে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা
- (খ) চেকে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা
- (গ) মালিক কর্তৃক ব্যবসায় হতে উত্তোলন ২৫,০০০ টাকা
- (ঘ) ব্যাংক হতে উত্তোলন ৩০,০০০ টাকা

১২১. ২/১০, নিট ৩০, এই শর্তে পণ্য ক্রয় করে বাট্টার সুযোগ গ্রহণ না করলে কত দিনের মধ্যে মূল্য পরিশোধ করবে?

- (ক) ২ দিন
- (গ) ২০ দিন
- (ঘ) ৩০ দিন

১২২. খতিয়ান উদ্বৃত্ত দ্বারা-

i. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায়
ii. আর্থিক অবস্থা নিরুপণ সহজ হয়
iii. নগদান বই তৈরি করা সহজতর হয়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

১২৩. খতিয়ান হতে প্রাপ্ত উদ্বৃত্ত গাণিতিক শুদ্ধতা যাচাইয়ে সহায়তা করে"-এটি খতিয়ানের কী?

- (ক) ধারণা
- (খ) গুরুত্ব
- (গ) প্রয়োজনীয়তা
- (ঘ) বৈশিষ্ট্য

১২৪. বিক্রয় খতিয়ানের' উদ্বৃত্তকে কী বলে?

- (ক) দেনাদার
- (খ) পাওনাদার
- (গ) বিক্রয়
- (ঘ) আয়

১২৫. খতিয়ান হিসাবের দুদিকে পার্থক্য নির্ণয় করাকে কী বলে?

- (ক) জের টানা
- (খ) ওপর থেকে আনীত
- (গ) নিচে নীত
- (ঘ) পিছন থেকে আনীত

১২৬. আসবাবপত্র ক্রয় ৪০,০০০ টাকা, বহন খরচ ৩,০০০ টাকা হলে আসবাবপত্র হিসাবে কত টাকা ডেবিট হবে?

- (ক) ৩,০০০
- (খ) ৩৭,০০০
- (গ) ৪০,০০০
- (ঘ) ৪৩,০০০

১২৭. হিসাববিজ্ঞানের হিসাবসমূহ প্রত্যেক বছরে একই পদ্ধতি অনুসরণ করলে তাকে বলে-

- (ক) সামঞ্জস্য নীতি
- (খ) রক্ষণশীলতা নীতি
- (গ) ব্যবসায়িক সত্তা নীতি
- (ঘ) বকেয়া ধারণা নীতি

১২৮. কোনটি রেওয়ামিলের ডেবিট দিকে বসবে?

- (ক) দেনাদারের বাট্টা সঞ্চিতি
- (খ) পাওনাদারের বাট্টা সঞ্চিতি
- (গ) প্রদেয় বাট্টা সঞ্চিতি
- (ঘ) প্রাপ্য বিলের বাট্টা সঞ্চিতি

১২৯. XYZ কোম্পানির মোট মুনাফা ১০,০০,০০০ টাকা। কিন্তু পরিচালন ক্ষতি ২৫,০০০ টাকা। এর কারণ কী?

- (ক) প্রত্যক্ষ ব্যয় বৃদ্ধি
- (খ) অন্যান্য আয় বৃদ্ধি
- (গ) অন্যান্য ব্যয় বৃদ্ধি
- (ঘ) পরিচালন ব্যয় বৃদ্ধি

১৩০. আর্থিক বিবরণী ৫টি অংশে প্রস্তুত করা হয় কীভাবে?

(ক) IAS-০১ অনুযায়ী (খ) IAS-০২ অনুযায়ী
(গ) IAS-০৩ অনুযায়ী (ঘ) LAS-০৪ অনুযায়ী

১৩১. সমন্বিত ক্রয় = ?

(ক) প্রারম্ভিক মজুত + নিট ক্রয়- সমাপনী মজুত
(খ) প্রারম্ভিক মজুত – নিট ক্রয় – সমাপনী মজুত
(গ) প্রারম্ভিক মজুত + নিট ক্রয় +সমাপনী মজুত
(ঘ) প্রারম্ভিক মজুত + মোট ক্রয়- সমাপনী মজুত

১৩২. দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধা কয়টি?

(ক) ৪টি (খ) ৬টি
(গ) ৮টি (ঘ) ১০টি

১৩৩. ক্রেতার নিকট চালান কী হিসাবে গণ্য হয়?

(ক) আন্তঃচালান (খ) বহিঃচালান
(গ) বিক্রয় দলিল (ঘ) বিল

১৩৪. আর্থিক বিবরণী প্রস্তুত সহজতর করে কোনটি?

(ক) রেওয়ামিল (খ) নগদান বই
(গ) খতিয়ান (ঘ) জাবেদা

১৩৫. বাকিতে পণ্য বিক্রয় কোন জাতীয় লেনদেন?

(ক) অদৃশ্যমান (খ) নগদ
(গ) অভ্যন্তরীণ (ঘ) বাহ্যিক

১৩৬. প্রদেয় হিসাব পরিশোধ' হিসাব সমীকরণের ওপর কি প্রভাব পড়ে?

(ক) সম্পদ হ্রাস ও স্বত্বাধিকার হ্রাস
(খ) সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি
(গ) সম্পদ হ্রাস ও দায় হ্রাস
(ঘ) সম্পদ বৃদ্ধি ও স্বত্বাধিকার বৃদ্ধি

১৩৭. দেনাদার ও পাওনাদারের জন্য আলাদাভাবে প্রস্তুতকৃত হিসাবকে কী বলা হয়?

(ক) সহকারী খতিয়ান (খ) সাধারণ খতিয়ান
(গ) সংযুক্ত খতিয়ান (ঘ) মূল খতিয়ান

১৩৮. কোন হিসাবগুলো ক্রেডিট ব্যালেন্স নির্দেশ করে?

(ক) আয় ও ব্যয় (খ) আয় ও দায়
(গ) সম্পদ ও ব্যয় (ঘ) সম্পদ ও দায়

১৩৯. হিসাব সমীকরণের মূল উপাদান হলো-

i. সম্পদ
ii. দায়
iii. মালিকানা, স্বত্ব

নিচের কোনটি সঠিক?-

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪০. সমন্বয় জাবেদা কোন জাবেদার অংশ?

(ক) ক্রয় জাবেদা (খ) বিক্রয় জাবেদা
(গ) প্রকৃত জাবেদা (ঘ) ক্রয় ফেরত জাবেদা

১৪১. বাকিতে পণ্য ক্রয়ের ফলে হিসাব সমীকরণের-

i. সম্পদ বৃদ্ধি পাবে
ii. মালিকানা স্বত্ব হ্রাস পাবে.
iii. দায় বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪২. ভাড়া হিসাব ৫,০০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা ডেবিট এবং বিক্রয় হিসাব ১০,০০০ টাকার পরিবর্তে ৫,৫০০ টাকা ক্রেডিট করা হয়েছে। এটি কোন ধরনের ভুল?

(ক) বাদ পড়ার ভুল (খ) নীতিগত ভুল
(গ) লেখার ভুল (ঘ) পরিপূরক ভুল

১৪৩. রেওয়ামিলের ক্রেডিট দিকে লিপিবদ্ধ হবে-

i. উত্তোলন
ii. মূলধন
iii. ক্রয় ফেরত

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪৪. কোন জাবেদার মাধ্যমে আয় ব্যয় হিসাব বন্ধ করা যায়?

(ক) সমন্বয় (খ) প্রারম্ভিক
(গ) সংশোধনী (ঘ) সমাপনী

১৪৫. ভাউচারে কয়জন ব্যক্তির স্বাক্ষর থাকে

(ক) ২ জন (খ) ৩ জন
(গ) ৪ জন, (ঘ) ৫ জন

১৪৬. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যাত হলে নিচের কোন হিসাবটি ক্রেডিট হবে?

(ক) দেনাদার (খ) পাওনাদার
(গ) নগদ (ঘ) ব্যাংক

স্যাট একাডেমি

১৪৭. মূলধন জাতীয় প্রাপ্তি কোনটি?

(ক) বাট্টা প্রাপ্তি **(খ) লভ্যাংশ**
(গ) সম্পত্তি ক্রয় (ঘ) মূলধন আনয়ন

১৪৮. খতিয়ানের ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে-

i. আয়
ii. ব্যয়
iii. দায়
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii **(খ) i ও iii**
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪৯. দায় হিসাবে গণ্য হবে-

i. বকেয়া খরচ
ii.. অগ্রিম আয়
iii. অগ্রিম ব্যয়
নিচের কোনটি সঠিক?

**(ক) i ও ii** (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫০. নবিন ট্রেডার্সের ক্রয় ১,০০,০০০ টাকা, বহিঃ পরিবহন, ৫০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৪৫,০০০ টাকা। নবিন ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?

**(ক) ১,০৫,০০০** (খ) ১,৫০,০০০
(গ) ১,৯৫,০০০ (ঘ) ২,০০,০০০

১৫১. মূলধনের বকেয়া সুদ প্রতিষ্ঠানের জন্য কী?

(ক) আয় (খ) ব্যয়
**(গ) দায়** (ঘ) সম্পদ

১৫২. হিসাবের দুদিক সমান করার কাজকে কী বলে?

(ক) সমতা **(খ) জের টানা**
(গ) সমীকরণ (ঘ) সমতা প্রাপ্ত

১৫৩. কোন ধরনের ব্যয় কারবারী প্রতিষ্ঠানকে সচল রাখে?

(ক) মূলধন জাতীয় ব্যয়
(খ) মুনাফা জাতীয় ব্যয়
(গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
**(ঘ) মূলধনায়িত ব্যয়**

১৫৪. শূন্য উদ্বৃত্তের হিসাবগুলোকে কী বলে?

**(ক) সমতা প্রাপ্ত** (খ) সমান হিসাব
(গ) পোস্টিং (ঘ) জের টানা

১৫৫. অন্যান্য ব্যয় কোনটি?

(ক) সুনামের অবলোপন (খ) আমদানি শুল্ক
**(গ) মূলধনের সুদ** (ঘ) ব্যাংক চার্জ

১৫৬. কোনটি চলতি দায়?

(ক) ব্যাংক ঋণ (খ) ঋণপত্র
**(গ) অনুপার্জিত আয়** (ঘ) অগ্রিম বিমা

১৫৭. কোন নীতি অনুযায়ী স্থায়ী সম্পদের অবচয় ধরা হয়?

(ক) ব্যবসায়িক সত্তা নীতি (খ) রক্ষণশীলতার নীতি
(গ) ক্রয়মূল্য নীতি **(ঘ) চলমান প্রতিষ্ঠান ধারণ**

১৫৮. খতিয়ান হিসাবের-

i. প্রধান বই
ii. পাকা বই
iii. স্থায়ী বই
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ) i, ii ও iii**

১৫৯. চলমান জের ছকে কখন উদ্বৃত্ত নির্ণয় করা হয়?

(ক) প্রতিদিনের শেষে
(খ) প্রতি সপ্তাহ শেষে
(গ) প্রতি মাস শেষে
**(ঘ) প্রতিটি লেনদেন লিপিবদ্ধের পর**

১৬০. খতিয়ানে ব্যবহৃত ব্যালেন্স B/D দ্বারা কী বোঝায়?

(ক) নিচে নীত **(খ) উপর থেকে আনীত**
(গ) সম্মুখে নীত (ঘ) পেছন থেকে আনীত

১৬১. নিচের কোন হিসাবটি ক্রেডিট ব্যালেন্স হবে?

**(ক) উত্তোলনের সুদ** (খ) মূলধনের সুদ
(গ) ঋণের সুদ (ঘ) শিক্ষানবিশ ভাতা

১৬২. জের টানার আরেক নাম কী?

(ক) সমতা প্রাপ্ত **(খ) নিচে নীত**
(গ) অসমতাপ্রাপ্ত (ঘ) ব্যালেন্সিং

১৬৩. প্রতিটি দেনাদার ও পাওনাদারের জন্য প্রস্তুতকৃত খতিয়ানকে কী বলা হয়?

**(ক) সহকারী খতিয়ান** (খ) সাধারণ খতিয়ান
(গ) সংযুক্ত খতিয়ান (ঘ) মূল খতিয়ান

১৬৪. রেওয়ামিল কিসের ব্যালেন্স দ্বারা তৈরি করা হয়?

**(ক) খতিয়ান** (খ) জাবেদা
(গ) নগদান বই (ঘ) প্রকৃত জাবেদা

১৬৫. রেওয়ামিলের উদ্দেশ্য কয়টি?

(ক) ৪টি (খ) ৩টি
**(গ) ৬টি** (ঘ) ৭টি

স্যাট একাডেমি

১৬৬. কোন হিসাবটি ব্যতিক্রম?

(ক) পাওনাদার  **(খ) প্রদত্ত ঋণ**
(গ) ঋণ  (ঘ) বকেয়া বেতন

১৬৭. কোনটির প্রারম্ভিক উদ্বৃত্ত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না?

(ক) মজুদ পণ্য  (খ) মূলধন
(গ) যন্ত্রপাতি  **(ঘ) হাতে নগদ**

১৬৮. কোনটি অনুসারে আর্থিক বিবরণী প্রস্তুত করতে হয়?

**(ক) IAS-01**  (খ) IAS-06
(গ) IAS-07  (ঘ) IAS-16

১৬৯. যন্ত্রপাতি ক্রয়ের ভাড়া কোন জাতীয় ব্যয়?

(ক) বিলম্বিত মুনাফা জাতীয়  **(খ) মূলধন জাতীয়**
(গ) মুনাফা জাতীয়  (ঘ) নিয়মিত

১৭০. মূলধন জাতীয় লেনদেনের বৈশিষ্ট্য-
i.দীর্ঘমেয়াদি
ii. নিয়মিত
iii. বড় অঙ্কের
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  **(খ) i ও iii**
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

১৭১. সুজন ট্রেডার্স ২০২৫ সালে বিনিয়োগের সুদ পেল ৪০,০০০ টাকা কিন্তু এর মধ্যে ৫,০০০ টাকা ২০২৬ সালের। লেনদেনটিতে সুজন ট্রেডার্স-এর-

(ক) মুনাফা জাতীয় প্রাপ্তি ৪৫,০০০ টাকা
(খ) মূলধন জাতীয় প্রাপ্তি ৪,০০০ টাকা
**(গ) মুনাফা জাতীয় আয় ৩৫,০০০ টাকা**
(ঘ) মূলধন জাতীয় আয় ৪০,০০০ টাকা

১৭২. জাবেদায় তারিখ লেখার ধারাবাহিকতা কোনটি?

(ক) দিন, মাস, বছর  (খ) মাস, দিন, বছর
(গ) বছর, দিন, মাস  **(ঘ) বছর, মাস, দিন**

১৭৩. হিসাব তৈরির সুবিধার্থে কোনটি প্রয়োজন?

(ক) ভাউচার  **(খ) জাবেদা**
(গ) খতিয়ান  (ঘ) রেওয়ামিল

১৭৪. কোন দাখিলার মাধ্যমে আয়-ব্যয় হিসাব বন্ধ করা হয়?

(ক) প্রারম্ভিক  (খ) স্থানান্তর
(গ) সমন্বয়  **(ঘ) সমাপনী**

১৭৫. ৫,০০০ টাকা বেতন অগ্রিম দেওয়া হলো। এই অগ্রিম খরচ লিপিবদ্ধ করতে হবে কোন দাখিলায়?

(ক) সংশোধনী  **(খ) সমন্বয়**
(গ) প্রারম্ভিক  (ঘ) সমাপনী

১৭৬. অভ্যন্তরীণ লেনদেন কোনটি?

**(ক) সম্পদের মূল্য হ্রাস**  (খ) পণ্য বিক্রয়
(গ) ক্রয়ফেরত  (ঘ) গ্রাহকের সেবা প্রদান

১৭৭. পূর্বে সংঘটিত আর্থিক ঘটনাকে কী বলে?

(ক) ভবিষ্যৎ ঘটনা  **(খ) ঐতিহাসিক ঘটনা**
(গ) অদৃশ্যমান ঘটনা  (ঘ) দৃশ্যমান ঘটনা

১৭৮. প্রতিটি লেনদেন হতে পারে-
i. দৃশ্যমান
ii. অদৃশ্যমান
iii. টাকার অঙ্কে পরিমাপযোগ্য
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  **(ঘ) i, ii ও iii**

১৭৯. ব্যবসায়র মোট সম্পদের ওপর দাবি রয়েছে-
i. পাওনাদার
ii. দেনাদার
iii. মালিকের
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  **(খ) i ও iii**
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

১৮০. কত খ্রিষ্টাব্দে দুতরফা দাখিলা পদ্ধাতর উৎপাত্ত হয়?

(ক) ১৪৯১  (খ) ১৪৯২
(গ) ১৪৯৩  **(ঘ) ১৪৯৪**

১৮১. দুতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য কোনটি?

(ক) গাণিতিক শুদ্ধতা যাচাই,  (খ) ব্যয় নিয়ন্ত্রণ
(গ) সহজ প্রয়োগ  **(ঘ) দাতা ও গ্রহীতা**

১৮২. স্থায়ী সম্পত্তি হ্রাস পায়-
i. অবচয় ধার্য করলে
ii. বিক্রয় করলে
iii. ক্রয় করলে
নিচের কোনটি সঠিক?

**(ক) i ও ii**  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

১৮৩. হিসাববিজ্ঞানের ধারাবাহিক প্রক্রিয়াকে কী বলে?

(ক) জাবেদা  (খ) খতিয়ান
(গ) রেওয়ামিল  **(ঘ) হিসাবচক্র**

স্যাট একাডেমি

১৮৪. আমদানি পণ্যের জাহাজ ভাড়া প্রদান ৬,০০০ টাকা। এটি কোন ধরনের লেনদেন?

ক আন্তঃলেনদেন
খ মূলধন জাতীয় লেনদেন
গ বিলম্বিত মুনাফা জাতীয় লেনদেন
ঘ মুনাফা জাতীয় লেনদেন

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

জনাব আতিকের নিকট ১০% বাট্টায় ১,২০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৫০% নগদে এবং ৩০% চেকে পাওয়া গেল।

১৮৫. লেনদেনটির জন্য ডেবিট করতে হবে
i. নগদান হিসাব
ii. ব্যাংক হিসাব
iii. দেনাদার হিসাব
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

১৮৬. জনাব আতিক কত টাকার পণ্য বাকিতে বিক্রয় করেছেন?

ক ২০,০০০ টাকা
খ ২০,৬০০. টাকা
গ ২১,৬০০ টাকা
ঘ ২২,৫০০ টাকা

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

২০২১ মার্চ-১ ফারহান ১০% কারবারি বাট্টায় সুফিয়ানের কাছে ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করে এবং নগদ অর্থ আদায়ের শর্ত হিসেবে ৪/২০, নিট/৩০ উল্লেখ করেন। সুফিয়ান মার্চের ১৫ তারিখে ধারে প্রদেয় অর্থ পরিশোধ করে।

১৮৭. ১ তারিখের লেনদেনটি সুফিয়ান কত টাকায় হিসাবভুক্ত করবে?

ক ১,০০০ টাকা
খ ২,০০০ টাকা
গ ১৮,০০০ টাকা
ঘ ২০,০০০ টাকা

১৮৮. ১৫ তারিখে সুফিয়ানের পরিশোধকৃত অর্থের পরিমাণ কত?

ক ২০,০০০ টাকা
খ ১৭,২৮০ টাকা
গ ১৮,০০০ টাকা
ঘ ১৫,০০০ টাকা

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

২০২১'সালের ৩১ ডিসেম্বর মি রনির ব্যবসায়ের খতিয়ান উদ্বৃত্ত ছিল- প্রারম্ভিক মজুদ ৩,০০০ টাকা, ক্রয় ৭,০০০ টাকা, পরিবহন ২,০০০ টাকা, বিক্রয় ১০,০০০ টাকা, সমাপনী মজুদ ৪,০০০ টাকা, হাতে নগদ (১-১-২০২১) ৩,০০০ টাকা, সমন্বিত ক্রয় ৬,০০০ টাকা, মূলধন ১২,০০০ টাকা, হাতে নগদ (৩১-১২-২০২১) ৬,০০০ টাকা, দেনাদার ৭,০০০ টাকা, পাওনাদার ৩,০০০ টাকা।

১৮৯. মি. রনির রেওয়ামিলের যোগফল কত?

ক ২০,০০০ টাকা
খ ২২,০০০ টাকা
গ ২৫,০০০ টাকা
ঘ ৩১,০০০ টাকা

১৯০. মি.রনির রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে-
i. ক্রয়
ii. সমাপনী মজুদ পণ্য
iii. সমন্বিত ক্রয়
নিচের কোনটি সঠিক?

ক i
খ i ও ii
গ i ও iii
ঘ ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

জনাব সালামের প্রতিষ্ঠানের প্রারম্ভিক মূলধন ৮০,০০০ টাকা। অতিরিক্ত মূলধন ২৫,০০০ টাকা, উত্তোলন করেন ২০,০০০ টাকা, রছর শেষে মোট দায় ৪৫,০০০ টাকা এবং মোট সম্পদ ১,৫৫,০০০ টাকা।

১৯১. জনাব সালামের সমাপনী মূলধনের পরিমাণ কত?

ক ৬০,০০০ টাকা
খ ৮৫,০০০ টাকা
গ ১,০৫,০০০
ঘ ১,১০,০০০ টাকা

১৯২. জনাব সালামের প্রতিষ্ঠানটির লাভ বা ক্ষতির পরিমাণ কত?

ক ২০,০০০ টাকা
খ ২৫,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা
ঘ ৩৫,০০০ টাকা

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

জনাব রাকিব ৫,৫০০ টাকার মনিহারি ক্রয় করে মনিহারি হিসাবে ৫,০০০ টাকা লিপিবদ্ধ করেন।

১৯৩. মনিহারি কম লেখার ফলে কীভাবে প্রভাব পড়বে?

ক ডেবিট বেশি হবে
খ ক্রেডিট বেশি হবে
গ হিসাব মিল হবে
ঘ রেওয়ামিল মিলে যাবে

১৯৪. জনাব রাকিবের ভুলটি কোন ধরনের ভুল?

ক বাদ পড়ার ভুল
খ লেখার ভুল
গ নীতিগত ভুল
ঘ বে-দাখিলার ভুল

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

নিপা ১০% কারবারি বাট্টা বাদে ৯,০০০ টাকার পণ্য ক্রয় করেন।

১৯৫. নিপা কত টাকা কারবারি বাট্টা পাবেন?

(ক) ৯০০ **(খ) ১,০০০০**
(গ) ৯,৯০০ (ঘ) ১,১০০

১৯৬. নিপার ক্রীত মালের তালিকা মূল্য কত?

**(ক) ৯,০০০** (খ) ৮,১০০
(গ) ৯৯০ (ঘ) ১০,০০০

**উদ্দীপকটি পড়ো এবংপ্রশ্নের উত্তর দাও**

রানী ট্রেডার্স নগদ ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাবে ৭,০০০ টাকা, পাওনাদার ৫,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুরু করে।

১৯৭. রানী ট্রেডার্স-এর E এর পরিমাণ কত টাকা?

(ক) ৬২,০০০ (খ) ৫৭,০০০
**(গ) ৫২,০০০** (ঘ) ৫০,০০০

১৯৮. লেনদেনের মোট ডেবিট অংক সর্বদা মোট ক্রেডিট অংকের সমান। কারণ-

(ক) মোট আয় =মোট সম্পদ **(খ) মোট সম্পদ = মোট দায়**
(গ) মোট সম্পদ = মোট ব্যয় (ঘ) মোট আয় = মোট ব্যয়

**নিম্নোক্ত তথ্য অবলম্বনে প্রশ্নের উত্তর দাও**

A প্রতিষ্ঠানের প্রাঃ মূলধন ৮০,০০০ টাকা। অতিরিক্ত মূলধন ২৫,০০০ টাকা, উত্তোলন করেন ২০,০০০ টাকা। বছর শেষে মোট দায় ৪৫,০০০ টাকা এবং মোট সম্পদ ১,৫৫,০০০ টাকা।

১৯৯. এ প্রতিষ্ঠানটির সমাপনী মূলধন কত?

(ক) ৬০,০০০ (খ) ৮৫,০০০
**(গ) ১,০৫,০০০** (ঘ) ১,১০,০০০

২০০. এ প্রতিষ্ঠানটির লাভ বা ক্ষতির পরিমাণ কত?

(ক) ২০,০০০ (খ) ২৫,০০০
**(গ) ৩০,০০০** (ঘ) ৩৫,০০০

**নিচের তথ্য হতে প্রশ্নের উত্তর দাও**

জনাব আলিম ২,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করেন। উক্ত মেশিনটির যন্ত্রাংশ সংযোজন ব্যয় ২,০০০ টাকা এবং দৈনন্দিন মেরামত ১,০০০ টাকা। তিনি মেশিনটি ২,২০,০০০ টাকায় বিক্রয় করেন।

২০১. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত?

(ক) ২,০০,০০০ টাকা (খ) ২,০১,০০০ টাকা
**(গ) ২,০২,০০০ টাকা** (ঘ) ২,০৩,০০০ টাকা

২০২. মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত?

(ক) ১৭,০০০ টাকা (খ) ১৮,০০০ টাকা
(গ) ১৯,০০০ টাকা **(ঘ) ২০,০০০ টাকা**

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

নিবিড় ট্রেডার্স, আবির ব্রাদার্সের নিকট ১০% বাট্টায় ১,২০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৫০% মূল্য নগদে এবং ৫০% মূল্য চেকে আদায় করে।

২০৩. নিবিড় ট্রেডার্স ব্যাংক হিসাবে ডেবিট করবে কত টাকা?

**(ক) ৫৪,০০০** (খ) ৬০,০০০
(গ) ১,০৮,০০০ (ঘ) ১,২০,০০০

২০৪. নিবিড় ট্রেডার্স নগদান হিসাবে কত টাকা ডেবিট করবে?

**(ক) ৫৪,০০০** (খ) ৬০,০০০
(গ) ১,০৮,০০০ (ঘ) ১,২০,০০০

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

মমতা ২/১০ নিট ৩০ শর্তে ববিতার কাছে ৪০,০০০ টাকার পণ্য ধারে বিক্রয় করে।

২০৫. ৩০ দিনের মধ্যে পরিশোধ করলে ববিতাকে কত টাকা দিতে হবে?

(ক) ৮০০ (খ) ৮,০০০
**(গ) ৪০,০০০** (ঘ) ৪০,৮০০

২০৬. ৮ দিনের মধ্যে প্রদেয় অর্থ পরিশোধ করলে ববিতা কত টাকা বাট্টা পাবে?

(ক) ৪০০ **(খ) ৮০০**
(গ) ৮,০০০ (ঘ) ৪০,০০০

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

মি. মিরাজ-এর হিসাবের কতিপয় জের নিম্নে দেওয়া হলো- নগদ ৭৫,০০০ টাকা, মজুদ পণ্য ২০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ২০,০০০ টাকা, ব্যাংক ঋণ ১৫,০০০ টাকা এবং পাওনাদার ১০,০০০ টাকা।

২০৭. মি. মিরাজের মূলধনের পরিমাণ কত টাকা?

(ক) ৬০,০০০ (খ) ৭০,০০০
**(গ) ৯০,০০০.** (ঘ) ১,০৫,০০০

২০৮. মি. মিরাজ-এর চলতি সম্পদের পরিমাণ কত টাকা?

(ক) ৭৫,০০০. **(খ) ৯৫,০০০**
(গ) ১,০৫,০০০ (ঘ) ১,১৫,০০০

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

প্রাপ্য হিসাব ৩০,০০০ টাকা, অলিখিত কুঋণ ৩,০০০ টাকা, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% কুঋণ সঞ্চিতি ধার্য করতে হবে।

**২০৯.** সন্দেহজনক দেনা সঞ্চিতির পরিমাণ কত টাকা?

- ক ১,৩৫০
- খ ৩,০০০
- গ ২৭,০০০
- ঘ ৩০,০০০

**২১০.** নিট প্রাপ্য হিসাবের পরিমাণ কত টাকা হবে?

- ক ৩০,০০০
- খ ২৭,০০০
- গ ২৫, ৬৫০
- ঘ ৩০,০০০


✨ **ধন্যবাদ!** ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: **sattacademy.com**

⚠ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390

স্যাট একাডেমি